

সমকাল

ঢাবির 'প্রলয় গ্যাংয়ের' সাকিব ও দুর্জয় কারাগারে

প্রকাশ: ২৭ মার্চ ২৩ | ১৬:৫৪ | আপডেট: ২৭ মার্চ ২৩ | ১৮:০০

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



নাইমুর রহমান দুর্জয় ও সাকিব ফেরদৌস

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থী জোবায়ের ইবনে হুমায়ুনকে মারধরের মামলায় 'প্রলয়' গ্যাংয়ের দুই সদস্য সাকিব ফেরদৌস ও নাইমুর রহমান দুর্জয়কে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট (সিএমএম)। সোমবার দুপুরে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মাহবুব আহাম্মদ তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন। শাহবাগ থানার ওসি নুর মোহাম্মদ সমকালকে বিষয়টি নিশ্চিত করেছেন।

এর আগে গতকাল জোবায়েরের মা শাহবাগ থানায় ১৯ জনকে পরিচয়ে এবং ৬/৭জনকে অজ্ঞাত রেখে অভিযোগ দায়ের করেন। তার প্রেক্ষিতে মামলা নিয়ে (মামলা নম্বর ৫০) সোমবার তাদেরকে কোর্টে পাঠানো হয়।

এরমধ্যে সাকিব ফেরদৌস অ্যাকাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ ও স্যার এ এফ রহমান হলের ও নাইমুর রহমান দুর্জয় নৃবিজ্ঞান বিভাগ ও কবি জসীমউদ্দীন হলের শিক্ষার্থী। দুজনই ২০২০-২১ সেশনের ছাত্র।

- বেরিয়ে আসছে নানা অপকর্মের কাহিনি
(<https://samakal.com/bangladesh/article/2303164386/%E0%A6%AC%E0%A7%87%E0%A6%86%E0%A6%B8%E0%A6%9B%E0%A7%87-%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%85%E0%A6%AA%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B9%E0%A6%BF%E0%A6%A8%E0%A6>

গত শনিবার রাত ৮ টার সময়ে বিশ্ববিদ্যালয়ের কবি জসীমউদ্দিন হলের (হলপাড়া) সামনে অপরাধ বিজ্ঞান বিভাগের ২০২০-২১ সেশনের শিক্ষার্থী জোবায়ের ইবনে হুমায়ুনকে ‘তুচ্ছ কারণে’ মারধর করা হয়। এরপর সমকালের অনুসন্ধানে উঠে আসে প্রলয় গ্যাংয়ের নাম। বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা এ গ্যাং চালাতেন। এ নিয়ে সমকালে ‘প্রলয় গ্যাংয়ে তটস্থ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস’

(<https://samakal.com/bangladesh/article/2303164231/%E0%A6%AA%E0%A6%97%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%82%E0%A6%A4%E0%A6%9F%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%A5%E0%A6%A2%E0%A6%BE%E0%A6%95%E0%A6%BE-%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%95%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%AE>) শিরোনামে খবর প্রকাশিত হয়। এরপর জোবায়ের ইবনে হুমায়ুনের মা সাদিয়া আফরোজ খান বাদী হয়ে অভিযোগ দায়ের করে। অভিযোগের ভিত্তিতে দুজনকে আটক করে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে গ্রেপ্তার দেখিয়ে পুলিশ কোর্টে পাঠালে শুনানি শেষে কারাগারে পাঠানো হয়।

শাহবাগ থানার ওসি নুর মোহাম্মদ সমকালকে বলেন, ‘মামলার তদন্ত আরও চলতে থাকবে।’

এর আগে দুপুর ১২টায় জোবায়েরের ওপর হামলার ঘটনায় জড়িতদের স্থায়ী বহিষ্কারের দাবিতে মানববন্ধন ও উপাচার্য বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী।

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com